

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন  
বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম

**বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ জনাব মোঃ লাল হোসেন, সচিব, বিপিসি।  
সভার তারিখঃ ১৬/০৯/২০২০  
সভার সময়ঃ বিকাল ৪.০০ ঘটিকা  
স্থানঃ অনলাইন ভিডিও সিস্টেম, ZOOM অ্যাপস।  
উপস্থিতিঃ অনলাইন।

**আলোচনা ও সিদ্ধান্তঃ**

সভার প্রারম্ভে সভাপতি বিপিসি ও বিপিসি'র অধীনস্থ কোম্পানিসমূহের উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি দেশের চলমান কোভিড পরিস্থিতির উন্নতি কামনা করেন এবং রাষ্ট্রীয় অতিগুরুত্বপূর্ণ খাত হিসেবে জ্বালানি খাতকে দুর্যোগকালীন সময়ে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে সচল রাখায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর ইনোভেশন কমিটির সদস্য-সচিব সভাপতির অনুমতিক্রমে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা নির্ধারণের বিষয়ে সংশ্লিষ্ট কোম্পানিসমূহের প্রতিনিধিবৃন্দের উদ্যোগ সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

(১) **বিপিসিঃ** সভায় বিপিসি'র ইনোভেশন টিম কর্তৃক স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবানের লক্ষ্যমাত্রার অর্জনের বিষয়ে আলোচনা হয়। একইসাথে উদ্ভাবনী উদ্যোগ/ধারণা সংগ্রহের পরবর্তি কর্মসূচি নিয়ে আলোচনা করা হয়।

**সিদ্ধান্তঃ** সংশ্লিষ্ট বিভাগ/শাখা হতে চাহিত আইডিয়াসমূহ সংগ্রহের পরে ইনোভেশন টিমের পরবর্তি সভায় একটি উদ্যোগ/ধারণাকে বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

(২) **পিওসিএলঃ** পিওসিএল এর প্রতিনিধি জানান যে, ২০২০-২০২১ অর্থবছরে ইতোমধ্যে গৃহীত ০২ টি উদ্ভাবন কর্মপরিকল্পনা পিওসিএল ইনোভেশন টিমের মাধ্যমে যাচাই-বাছাই এবং পরবর্তি কর্মপন্থা প্রণয়নের কার্যক্রম অব্যাহত আছে।

**সিদ্ধান্তঃ** পিওসিএল উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবে।

(৩) **এমপিএলঃ** এমপিএল এর প্রতিনিধি জানান যে, তাদের গৃহীত উদ্ভাবনী পরিকল্পনা অনুযায়ী তারা ইতোমধ্যে তাদের প্রিন্সিপাল ব্রিটিশ পেট্রোলিয়াম-এর এর সঙ্গে আলাপ করেছেন, এবং ফলপ্রসূ আলোচনার মাধ্যমে জনসাধারণের জন্য ৩ লিটার সাইজের ক্যানের মাধ্যমে বিপি সুপার ডি লুব্রিকেটিং অয়েলের মার্কেটিং বাস্তবায়ন সম্ভব হবে।

**সিদ্ধান্তঃ** এমপিএল তার পরবর্তি সভায় উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করবে।

৪৪

(৪) **জেওসিএলঃ** জেওসিএল এর প্রতিনিধি জানান যে, সেলস ব্যবস্থা অটোমেশনের নিমিত্ত তারা প্রাথমিকভাবে সংশ্লিষ্ট ওয়েব সাইট ডেভেলপার-এর সাথে আলোচনা চালিয়ে যাচ্ছে, এবং স্বল্প খরচে প্রকৃষ্টি বাস্তবায়নের জন্য পন্থা নির্ধারণের কার্যক্রম চলমান আছে।

**সিদ্ধান্তঃ** পিওসিএল উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবে।

(৫) **ইআরএলঃ** ইনোভেশন কমিটির পুনঃগঠনের কাজ সম্পাদন হয়েছে, এবং ইতোমধ্যে কমিটি একটি বৈঠক করেছে। উক্ত বৈঠকে নিম্নবর্ণিত দুটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছেঃ

ক) Tank এর Dyke ও রাস্তার পাশের খালি স্থানের আগাছা রোধে জিওটেক্সটাইল ব্যবহার।

খ) Integrated planning software development for inventory, sales & production of petroleum products.

**সিদ্ধান্তঃ** ইআরএল অতিসত্বর ইনোভেশন কমিটি কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে, এবং পরবর্তি সভায় অগ্রগতি প্রতিবেদন দাখিল করতে হবে।

(৬) **এলপিজিএলঃ** এলপিজিএল এর পরিনিধি জানান যে, গৃহীত উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়েছে, তবে কোভিড মহামারীকালীন সার্বিক কার্যক্রম স্থবির থাকায় কিছুটা বেগ পেতে হচ্ছে।

**সিদ্ধান্তঃ** এলপিজিএল উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি পরবর্তি সভায় উপস্থাপন করবে।


(৭) **এসএওসিএলঃ** এসএওসিএল প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম অব্যাহত আছে, তবে কোভিড লকডাউন এবং অন্যান্য নিষেধাজ্ঞায় সীমিত আকারে দপ্তর চলমান থাকায় সমন্বয়ে কিছুটা বেগ পেতে হচ্ছে।

**সিদ্ধান্তঃ** এসএওসিএলএর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ বিপিসি'তে প্রেরণ করতে হবে এবং উদ্ভাবন পরিকল্পনার অগ্রগতি পরবর্তি সভায় আলোচনা করা হবে।

(৮) ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে বাস্তবতার নীরিক্ষে অনলাইন ভিত্তিক সভা, প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম নিয়মিত চলমান রাখার উপরে গুরুত্ব আরোপ করা হয়। প্রতিটি কোম্পানির উদ্ভাবনী আইডিয়া স্বীয় ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের প্রতি গুরুত্ব আরোপ করা হয়।

**সিদ্ধান্তঃ** ২০২০-২১ অর্থবছরের কর্মপরিকল্পনা এবং উদ্ভাবনী তালিকা হালনাগাদ করত স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ লাল হোসেন)  
সচিব  
ফোনঃ ০৩১-৭১৬৪১৩